

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-২৩৯-আইন/২০১২/৬৫৬-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮২-আইন/২০১২/৬৪০-মুসক এর মাধ্যমে জারীকৃত নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালায়-

- (ক) বিধি ১ এর উপ-বিধি (১) উল্লিখিত “এই” শব্দটির পর “বিধিমালা” শব্দটি সন্নিবেশিত হইবে;
- (খ) বিধি ২ এর উপ-বিধি (১) এর টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) So৭৮.০০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) So৯৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“So৯৯	So৯৯.১০	তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)	সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমৃদয় অর্থের ত্রিশ শতাংশ	৪.৫%”।
-------	---------	---	--	--------

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোঃ শওকাত হোসেন]
প্রথম সচিব (মুসক নীতি)